# জাতীয় কৃষি আবহাওয়া পরামর্শ সেবা বুলেটিন

০৮ জানুয়ারি (বুধবার)

[**সময়কালঃ** ০৮.০১.২০২০–১২.০১.২০২০]



**ডিসক্লেইমার**

কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের আওতায় পরীক্ষামুলকভাবে জাতীয় পর্যায়ে এবং ৬৪ টি জেলায় প্রেরণের লক্ষ্যে কৃষি আবহাওয়া সংক্রান্ত পরামর্শ সেবা সম্বলিত বুলেটিন তৈরী করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের মূল্যবান মতামত ও পরামর্শের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হলো।

যোগাযোগের ঠিকানাঃ ফারহানা হক, সবুজ রায়
**ই-মেইলঃ** pdamisdp@dae.gov.bd
**ফোনঃ** ০২-৫৫০২৮৪১৪, ০২-৫৫০২৮৪১৮

# মুখ্য কৃষি আবহাওয়া পরামর্শ

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী আগামী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ঢাকা, খুলনা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু'এক জায়গায় হালকা বৃষ্টি/গুঁড়ি গুঁড়ি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত: শুষ্ক থাকতে পারে। মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশে মাঝারি থেকে ঘন কুয়াশা পড়তে পারে। রাজশাহী, যশোর, চুয়াডাঙা ও টাংগাইল অঞ্চলসহ রংপুর বিভাগের উপর দিয়ে মৃদু শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা প্রশমিত হতে পারে। সারাদেশে রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রী সে. বৃদ্ধি পেতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে। পরবর্তী ৭২ ঘণ্টায় আবহাওয়ার অবস্থা সামান্য পরিবর্তন হতে পারে।

গত ৪ দিন আবহাওয়া শুষ্ক ছিল। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের জেলাভিত্তিক মধ্যমেয়াদি পূর্বাভাস অনুযায়ী যেসব জেলায় আবহাওয়া প্রধানত: শুষ্ক থাকার সম্ভাবনা রয়েছে সেখানে রবি ফসল সংগ্রহ এবং সেচ, সার, বালাইনাশক প্রয়োগ অব্যাহত রাখার পরামর্শ দেওয়া হয়েছে। নিম্ন তাপমাত্রা, কুয়াশা ও মেঘাচ্ছন্ন আবহাওয়ার কারণে মাঠে দণ্ডায়মান ফসল, গবাদি পশু, হাঁস মুরগী ও মৎস্যের ক্ষেত্রে বিশেষ যত্ন নিতে হবে।

আবহাওয়ার পূর্বাভাস, গত কয়েকদিনের উপলব্ধ আবহাওয়া ও ফসলের অবস্থা বিবেচনা করে বিভিন্ন জেলার জন্য আলাদা আলাদা কৃষি আবহাওয়া পরামর্শ প্রদান করা হয়েছে। যেসব জেলায় বৃষ্টিপাতের সম্ভাবনা নেই সে সব জেলার জন্য নিম্নলিখিত কৃষি আবহাওয়া পরামর্শ প্রস্তুত করা হয়েছে।

**আমন:**

- দ্রুত ফসল সংগ্রহ করে শুষ্ক ও নিরাপদ স্থানে রাখুন।

**সবজি:**

- সেচ প্রদান করুন।
- কচি গাছকে নিম্ন তাপমাত্রার ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা করুন।
- বহুবর্ষজীবী সবজির ক্ষেত্রে অর্গানিক মালচিং এর ব্যবস্থা করুন।
- টমেটোতে হলুদাভ বাদামী দাগ দেখা গেলে প্রতি লিটার পানিতে ২.৫-৩ গ্রাম ম্যানকোজেব মিশিয়ে স্প্রে করুন।
- ঠান্ডা আবহাওয়ায় ঢেঁড়শের হলুদ মোজাইক রোগ দেখা দিতে পারে। সিস্টেমিক ছত্রাকনাশক প্রয়োগ করতে হবে।
- বেগুন, টমেটো ও মরিচের ফল ছিদ্রকারী পোকার আক্রমণ হতে পারে। আক্রমণ দেখা গেলে প্রতি একরে ৩-৪ টি ফেরোমন ফাঁদ স্থাপন করুন।

**বোরো ধান:**

- সেচ দিয়ে বীজতলা তৈরি অব্যাহত রাখুন।
- প্রতিদিন সকালে জমাকৃত শিশির ঝরিয়ে দিতে হবে।
- বীজতলার চারা হলুদ হয়ে গেলে প্রতি শতক জমিতে ২৮০ গ্রাম হারে ইউরিয়া সার প্রয়োগ করতে হবে।
- বীজের অঙ্কুরোদগম ও চারার বৃদ্ধিতে নিম্ন তাপমাত্রার প্রভাব কমিয়ে আনার জন্য বীজতলা দিনের বেলা পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন এবং বিকেলে তা সরিয়ে ফেলুন। এছাড়াও রাতের বেলা সেচ দিয়ে খুব ভোরে পানি সরিয়ে ফেলে ঠান্ডা আবহাওয়ায় চারার বৃদ্ধি ত্বরান্বিত করা যায়।

- বীজতলায় ২-৩ সে.মি. পানির স্তর বজায় রাখুন।

**গম:**

- সেচ প্রয়োগ করুন।
- বীজ বপনের ২৫-৩০ দিন পর মাটির আর্দ্রতা ধরে রাখা ও আগাছা নিধনের জন্য জমিতে আন্ত পরিচর্যা করুন।
- শেষ রাত থেকে সকাল পর্যন্ত হালকা থেকে মাঝারি কুয়াশা থাকলে ব্লাস্ট রোগ হওয়ার সম্ভাবনা থাকে। সেজন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে। ব্লাস্ট রোগ দেখা দিলে প্রতি শতকে ৬ গ্রাম হারে নাটিভো ৭৫ ডব্লিউজি প্রয়োগ করুন।
- গমের মরিচা রোগ নিয়ন্ত্রণে যথাযথ ব্যবস্থা নিন। শীত ও কুয়াশার ক্ষতিকর প্রভাব থেকে রক্ষায় নিয়মিত সেচ প্রদান করুন।

**ভুট্টা:**

- বপনের ৩০-৩৫ দিন পর দ্বিতীয় সেচ দিতে হবে।
- বীজ বপনের ৩০ দিন পর অতিরিক্ত চারা তুলে ফেলতে হবে।
- বীজ বপনের পর এক মাস পর্যন্ত আগাছা নিধন করতে হবে।

**মসুর:**

- হালকা সেচ প্রদান করুন।
- বীজ বপনের পর ৩০-৩৫ দিনের মধ্যে একবার আগাছা নিধন করুন।
- বর্তমান আবহাওয়ায় স্টেমফাইলিয়াম ব্লাইট রোগ দেখা দিতে পারে। আক্রমণ দেখা দিলে রোভরাল ৫০ ডব্লিউপি ২% হারে পানিতে মিশিয়ে রৌদ্রজ্জ্বল দিনে সকাল ৯-১০ টার মধ্যে স্প্রে করুন।

**আলু:**

- হালকা সেচ প্রদান করুন। আলুর জমিতে তিনবার সেচ প্রদান করার পরামর্শ দেওয়া হয়। কন্দ লাগানোর ২৫ দিন পর প্রথম, ৬০ দিন পর দ্বিতীয় এবং ৮০ দিন পর তৃতীয় সেচ প্রদান করতে হবে।
- মাটির আর্দ্রতা ধরে রাখা ও আগাছা নিধনের জন্য জমিতে আন্ত পরিচর্যা করুন।
- শেষ রাত থেকে সকাল পর্যন্ত হালকা থেকে মাঝারি কুয়াশা থাকলে নাবী ধ্বসা রোগ হওয়ার সম্ভাবনা থাকে। সেজন্য নিয়মিত মাঠ পর্যবেক্ষণ করতে হবে। রোগ দেখা দিলে অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।
- কচুরিপানা, খড় প্রভৃতি দিয়ে জমিতে মালচিং এর ব্যবস্থা করুন।
- লাল পিঁপড়া ও কাটুই পোকার আক্রমণ হলে প্রতি বিঘায় ৫ কেজি হারে ম্যালাথিয়ন ৫% ডাস্ট প্রয়োগ করুন।

**চীনা বাদাম:**

- সেচ প্রয়োগ করুন।
- বর্তমান আবহাওয়ায় থ্রিপস পোকার আক্রমণ দেখা দিতে পারে। অনুমোদিত বালাইনাশক প্রয়োগ করুন।

**উদ্যান ফসল:**

- কচি ফল গাছকে নিম্ন তাপমাত্রার ক্ষতিকর প্রভাব থেকে রক্ষা করুন।
- কোল্ড প্যারালাইসিস থেকে রক্ষার জন্য ছোট উদ্যানতাত্বিক উদ্ভিদ ঘাস দিয়ে ঢেকে দিন।
- ঠান্ডাজনিত ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য ফল গাছে নিয়মিত হালকা সেচ প্রদান করুন। কচি ফল গাছ ঠান্ডা হাওয়া থেকে রক্ষার জন্য খড়/পলিথিন শীট/ চটের ব্যাগ দিয়ে ঢেকে দিন।
- অর্গানিক মালচিং এর ব্যবস্থা করুন এবং আগাছা নিধন করুন।

**গবাদি পশু:**

- রাতের তাপমাত্রা কমে আসছে। কাজেই গবাদি পশুকে চালার নীচে রাখুন। গবাদি পশুর স্বাস্থ্য রক্ষায় প্রতিদিন খাবারের সাথে ৫০-১০০ গ্রাম মিনারেল মিক্সচার খাওয়ান।
- গবাদি পশুকে নিয়মিত টীকা দিন।
- গবাদি পশুকে কৃমিনাশক দিন।
- গবাদি পশুকে আমিষ সমৃদ্ধ খাবার দিন।

**হাঁসমুরগী:**

- পশু চিকিৎসকের পরামর্শ নিয়ে এক সপ্তাহের বাচ্চাকে রানীক্ষেত রোগের এবং দুই সপ্তাহের বাচ্চাকে গামবোরো রোগের টীকা দেওয়া যেতে পারে।
- থাকার জায়গা পরিষ্কার রাখুন।
- চার পাশে চটের ব্যাগ বা প্লাস্টিকের পর্দা দিয়ে ঠান্ডা বাতাস থেকে মুরগীর বাচ্চাকে রক্ষা করুন।
- মুরগীর খোয়াড়ে সন্ধ্যার পর ১-২ ঘণ্টা বাল্ব জ্বালিয়ে রাখলে ডিম উৎপাদন বৃদ্ধি পাবে এবং রোগ বালাই কমে যাবে।

**মৎস্য:**

- শীতকালে বিভিন্ন ব্যাকটেরিয়াজনিত রোগ থেকে মাছ রক্ষা করুন।
- পুকুরের পানি পরিষ্কার রাখুন।
- শীতকালে খাবারের পরিমান কমিয়ে দিন।
- বেলা ২-৩ টার মধ্যে খাবার দিন।

# দেশের বিভিন্ন এলাকার আবহাওয়া পরিস্থিতি

**গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাতের পরিমান (০৮ জানুয়ারি ২০২০, সকাল ০৬টা পর্যন্ত) এবং ০৭ জানুয়ারি ২০২০ এ সর্বোচ্চ তাপমাত্রা, ০৮ জানুয়ারি, ২০২০ এ সর্বোনিম্ন তাপমাত্রা নিচে দেওয়া হলোঃ**

| বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা | বিভাগের নাম | পর্যবেক্ষণা-গারের নাম | বৃষ্টিপাতের পরিমাণ (মিঃ মিঃ) | সর্ব্বোচ্চ তাপমাত্রা | সর্বনিম্ন তাপমাত্রা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ঢাকা | ঢাকা | ০০ | ১৮.৬ | ১২.২ | রাজশাহী | রাজশাহী | ০০ | ১৯.০ | ০৯.৭ |
| | টাঙ্গাইল | ০০ | ১৫.৬ | ১০.০ | | ঈশ্বরদী | ০০ | ১৯.২ | ১০.৩ |
| | ফরিদপুর | ০০ | ১৯.০ | ১০.৮ | | বগুড়া | ০০ | ১৯.০ | ১০.২ |
| | মাদারীপুর | ০০ | ১৯.৮ | ১১.১ | | বদলগাছী | ০০ | ২১.০ | ১০.৩ |
| | গোপালগঞ্জ | ০০ | ২০.৪ | ১১.০ | | তাড়াশ | ০০ | ১৯.০ | ১১.৪ |
| | নিকলি | ০০ | ১৫.০ | ১১.০ | | | | | |
| | | | | | রংপুর | রংপুর | ০০ | ২৩.০ | ১০.০ |
| ময়মনসিংহ | ময়মনসিংহ | ০০ | ১৮.৫ | ১১.০ | | দিনাজপুর | ০০ | ২১.৬ | ০৯.২ |
| | নেত্রকোনা | ০০ | ১৯.৬ | ১২.০ | | সৈয়দপুর | ০০ | ২৩.০ | ০৯.৪ |
| | | | | | | তেঁতুলিয়া | ০০ | ২৩.০ | ০৬.৮ |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | ০০ | ২৩.০ | ১২.৯ | | ডিমলা | ০০ | ২৩.০ | ০৯.৪ |
| | সন্দ্বীপ | ০০ | ২২.৮ | ১৩.১ | | রাজারহাট | ০০ | ২১.৮ | ১০.০ |
| | সীতাকুন্ড | ০০ | ২৩.৩ | ১১.০ | | | | | |
| | রাঙ্গামাটি | ০০ | ২৩.৫ | ১৪.০ | খুলনা | খুলনা | ০০ | ২০.০ | ১২.৩ |
| | কুমিল্লা | ০০ | ২০.৪ | ১১.৮ | | মংলা | ০০ | ২১.৮ | ১৩.০ |
| | চাঁদপুর | ০০ | ১৯.০ | ১১.৩ | | সাতক্ষীরা | ০০ | ২১.২ | ১১.৫ |
| | মাইজদীকোর্ট | ০০ | ২১.৪ | ১৩.০ | | যশোর | ০০ | ২০.২ | ১০.০ |
| | ফেনী | ০০ | ২১.৭ | ১২.৪ | | চুয়াডাঙ্গা | ০০ | ১৯.২ | ০৯.৫ |
| | হাতিয়া | ০০ | ২২.৪ | ১২.৯ | | কুমারখালী | ০০ | ১৭.৭ | ১০.৬ |
| | কক্সবাজার | ০০ | ২৫.২ | ১৪.৫ | | | | | |
| | কুতুবদিয়া | ০০ | ২৩.৩ | ১৩.৭ | বরিশাল | বরিশাল | ০০ | ২১.৩ | ১১.০ |
| | টেকনাফ | ০০ | ২৭.৩ | ১৩.৭ | | পটুয়াখালী | ০০ | ২২.৯ | ১২.৭ |
| | | | | | | খেপুপাড়া | ০০ | ২৩.১ | ১২.৫ |
| সিলেট | সিলেট | ০০ | ২১.৮ | ১৩.৮ | | ভোলা | ০০ | ২১.২ | ১২.২ |
| | শ্রীমঙ্গল | ০০ | ১৭.৮ | ১২.৬ | | | | | |

**প্রধান বৈশিষ্ট্য সমূহঃ-:**

- গত সপ্তাহে দেশের দৈনিক উজ্বল সূর্যকিরণ কালের গড় ৩.৩৫ ঘন্টা ছিল ।
- গত সপ্তাহে দেশের দৈনিক বাষ্পীভবনের গড় ১.৯৩ মিঃ মিঃ ছিল।

**সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ**


**পূর্বাভাসঃ** রংপুর, রাজশাহী, ঢাকা, খুলনা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের দু'এক জায়গায় হালকা বৃষ্টি/ গুঁড়ি গুঁড়ি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে ।


**কুয়াশাঃ** মধ্যরাত থেকে সকাল পর্যন্ত সারাদেশে মাঝারী থেকে ঘন কুয়াশা পড়তে পারে।


**শৈত্যপ্রবাহঃ** রাজশাহী, যশোর, চূয়াডাঙ্গা ও টাঙ্গাইল অঞ্চলসহ রংপুর বিভাগের উপর দিয়ে মৃদু শৈত্য প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা প্রশমিত হতে পারে।


**তাপমাত্রাঃ** সারাদেশে রাতের তাপমাত্রা (১-২) ডিগ্রী সেঃ বৃদ্ধি পেতে পারে এবং দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।


## সপ্তাহের শেষে (০৭ জানুয়ারি, ২০২০ পর্যন্ত) আবহাওয়া প্যারামিটারের স্থানিক বন্টন






Minimum Temperature (°C)
(01/01/2020 - 07/01/2020)
(°C)
10 12 14 16 18



Anomaly Minimum Temperature (°C)
(01/01/2020 - 07/01/2020)
(°C)
-1 0 1 2 3 4



Diurnal Temperature (°C)
(01/01/2020 - 07/01/2020)
(°C)
6 8 10 12 14


Anomaly Diurnal Temperature (°C)
(01/01/2020 - 07/01/2020)
(°C)
-6 -4 -2 0 1


Maximum Humidity (%)
(01/01/2020 - 07/01/2020)
(%)
88 91 94 97 100


Minimum Humidity (%)
(01/01/2020 - 07/01/2020)
(%)
48 53 58 63 68 73


Wind Speed (knots)
(01/01/2020 - 07/01/2020)
(knots)
0 1 2 3


Cloud Amount (Octa)
(01/01/2020 - 07/01/2020)
(Octa)
2 4 6


# আবহাওয়া পূর্বাভাস


## আবহাওয়া পূর্বাভাস (০৮/০১/২০২০ হতে ১৪/০১/২০২০ তারিখ পর্যন্ত):


- এ সময়ের শুরুতে ঢাকা, খুলনা, রাজশাহী, রংপুর, ময়মনসিংহ, সিলেট ও বরিশাল বিভাগের কিছু কিছু স্থানে হাল্কা বৃষ্টি (০৪-১০ মি.মি./দিন)/ গুড়ি গুড়ি বৃষ্টি হতে পারে এবং অবশিষ্ট সময়ে সারাদেশে আকাশ শুষ্ক থাকতে পারে।
- এ সময়ে সারাদেশে মধ্যরাত হতে সকাল পর্যন্ত কিছু কিছু স্থানে হাল্কা কুয়াশা পড়তে পারে।


  এ সময়ের শুরুতে রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে এবং শেষার্ধে সামান্য হ্রাস পেতে পারে।
- এ সময়ের শুরুতে দিনের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং শেষার্ধে সামান্য বৃদ্ধি পেতে পারে।


## আগামী ৫ দিনের জেলাওয়ারী পরিমানগত আবহাওয়া পূর্বাভাস (০৮ জানুয়ারি হতে ১২ জানুয়ারি, ২০২০ পর্যন্ত)





Minimum Temperature (°C)
(08/01/2020 - 12/01/2020)
10 11 12 13 14
(°C)


Diurnal Temperature (°C)
(08/01/2020 - 12/01/2020)
4 6 8 10 12 14
(°C)



Maximum Humidity (%)
(08/01/2020 - 12/01/2020)
56 60 64 68 72 76
(%)



Minimum Humidity (%)
(08/01/2020 - 12/01/2020)
49 54 59 64
(%)


Wind Speed (knots)
(08/01/2020 - 12/01/2020)
(knots)
1 2 3 4

Monitoring Meteorological Drought in Bangladesh using Standardized Precipitation Index (SPI)

দেখা গেছে যে নভেম্বর এবং ডিসেম্বর সহ গত চার সপ্তাহের মধ্যে কিছু জেলা বাদে সমগ্র বাংলাদেশে হালকা ভেজা পরিস্থিতি বিরাজ করছে এবং বাংলাদেশের কিছু জেলায় মাঝারি থেকে মারাত্মক শুষ্ক পরিস্থিতি বিরাজ করছে।




Data source: বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর